

বাংলাদেশের
পুর্ণজন্ম
Bangladesh



মুজিব MUJIB
শতবর্ষ 100
ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল



বার্ষিক প্রতিবেদন ২০২০-২০২১



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়



বার্ষিক প্রতিবেদন

২০২০-২০২১



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

ভূমি মন্ত্রণালয়



ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

সার্বিক তত্ত্বাবধান

: প্রিয়সিন্ধু তালুকদার
পরিচালক (ভারপ্রাপ্ত)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সমন্বয়

: প্রিয়সিন্ধু তালুকদার
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সহযোগিতায়

: ফারহানা করিম
সহকারী পরিচালক (প্রশাসন), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।
খান এ. সবুর খান
সহকারী পরিচালক (উন্নয়ন ও সেবা), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।
ফারাহ তানজিলা মতিন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-০১), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।
মামুনুর রশীদ
সহকারী পরিচালক (ডরমেটরি), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।
উম্মে হাফসা
সহকারী পরিচালক (ক্যাফেটেরিয়া), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।

কম্পিউটার কম্পোজ

: মোঃ শামীম হোসেন
সহকারী প্রোগ্রামার, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।

প্রচ্ছদ

: মোঃ আরিফ হোসেন
ছাপাঘর, ২৭৩ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫

প্রকাশকাল

: সেপ্টেম্বর, ২০২১

প্রকাশনায়

: বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ।

ইলাস্ট্রেশন ও মুদ্রণ

: ছাপাঘর
২৭৩ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫
মোবাইল: ০১৭০৭০৭৯৮৩৬



সাইফুজ্জামান চৌধুরী এমপি
মন্ত্রী
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বাণী

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২০-২০২১ অর্থবছরের কার্যক্রম ও অর্জনসমূহের ওপর ভিত্তি করে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার অব্যবহিত পর যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশের পুনর্গঠনের অংশ হিসেবে জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন। এর ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা আজ বাস্তবে রূপ নিয়েছে।

এ প্রযুক্তি কেন্দ্রিক ব্যবস্থার মাধ্যমে স্বচ্ছ, দক্ষ, জনবান্ধব ও জবাবদিহিমূলক ভূমি ব্যবস্থাপনা প্রতিষ্ঠায় প্রশিক্ষিত জনবলের বিকল্প নেই। এজন্য ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা পরিচালনায় দক্ষ জনবল তৈরি করতে ‘ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র’কে ভূমি প্রশিক্ষণের ‘Centre of Excellence’ হিসেবে গড়ে তোলা হবে।

কেন্দ্রটির প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধির জন্য অবকাঠামো নির্মাণের সাথে সাথে দেশের অন্যান্য বিভাগে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনেরও পরিকল্পনা নেওয়া হয়েছে। আমি জেনে আনন্দিত যে বৈশ্বিক করোনা মহামারী কালেও ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কলেবর বৃদ্ধির মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে ৬০টি কোর্স পরিচালনা করে ২২৮৪ জন গণকর্মচারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে।

আমি আনন্দের সাথে উল্লেখ করতে চাই, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ‘ডিজিটাল বাংলাদেশ’ বিনির্মাণের দূরদর্শী উদ্যোগের ফসল হিসাবে ‘ই-মিউটেশন’ উদ্যোগ বাস্তবায়নের স্বীকৃতিস্বরূপ ‘স্বচ্ছ ও জবাবদিহিমূলক সরকারি প্রতিষ্ঠানের বিকাশ’ শ্রেণিতে বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয় সম্প্রতি জাতিসংঘের মর্যাদাপূর্ণ ‘ইউনাইটেড ন্যাশনস পাবলিক সার্ভিস অ্যাওয়ার্ড-২০২০’ অর্জন করেছে। এ সফলতা ধরে রাখতে প্রয়োজনীয় দক্ষ জনবল তৈরিতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

নিয়মিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ যেকোনো প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিতে ভূমিকা রাখে। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে আমি সাধুবাদ জানাই ও প্রতিষ্ঠানের সার্বিক সাফল্য কামনা করি।

সবাইকে মুজিববর্ষের শুভেচ্ছা।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ চিরজীবী হোক।

সাইফুজ্জামান চৌধুরী



মো: মোস্তাফিজুর রহমান পিএএ
সচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনবল অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ১৯৮৭ খ্রিষ্টাব্দ হতে প্রশিক্ষিত জনবল গঠনে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে আসছে। এ পর্যন্ত এ প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি ভূমি ব্যবস্থাপনায় নিয়োজিত ৪৮,০০৪ জন কর্মকর্তা/কর্মচারীকে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করেছে।

বৈশ্বিক করোনা মহামারিকালে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০২০-২০২১ অর্থ বছরে কর্মকর্তাদের জন্য ১৪টি কর্মচারীদের জন্য ৪৬টি কোর্স পরিচালনার মাধ্যমে যথাক্রমে ৫১৬ জন কর্মকর্তা এবং ১১৭৬৮ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করে তাদের কর্মক্রম অব্যাহত রেখেছে। এছাড়া, প্রশিক্ষণ কোর্সের মডিউল উন্নয়ন, কর্মভিত্তিক প্রশিক্ষণ, প্রশিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। এ বছর দেশব্যাপী করোনা মহামারি চলাকালে অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে এবং প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণ করে কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের অধীন সকল কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষিত জনবল হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এবং বিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রতিষ্ঠানটি সহায়ক ভূমিকা পালন করবে।

প্রতিষ্ঠানটির বার্ষিক প্রতিবেদনে ২০২০-২০২১ অর্থ বছরের সার্বিক কর্মকাণ্ড উপস্থাপনের চেষ্টা করা হয়েছে, যা স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে সহায়ক হবে মর্মে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক কর্মকাণ্ড সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ তথ্য অধিকার আইনের অধীনে একটি আইনি বাধ্যবাধকতাও বটে। প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে স্বাগত জানাই এবং প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

মো: মোস্তাফিজুর রহমান পিএএ



প্রিয়সিন্ধু তালুকদার
পরিচালক (ভারপ্রাপ্ত)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।

মুখবন্ধ

১৯৮৭-৮৮ অর্থ বছরে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি হিসেবে যে কার্যক্রম শুরু হয়েছিল, সময়ের বিবর্তন ও যুগের প্রয়োজনে তা ১৯৯৩-৯৪ অর্থ বছরে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে উন্নীত হয়েছে। এ প্রতিষ্ঠানটি ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ভূমি সংক্রান্ত সর্বশেষ আইন, বিধি, পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করে থাকে যাতে তারা সেবামূলক মনোভাব নিয়ে জনগণের প্রত্যাশা পূরণে দক্ষতার সাথে কাজ করতে পারে। এ কেন্দ্র কর্তৃক প্রতি বছর ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত প্রায় ২০০০- ২৫০০ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। প্রতিষ্ঠালগ্ন থেকে ২০১৯-২০২০ অর্থ বছর পর্যন্ত ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র মোট ৪৫,৭২০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে।

প্রতি বছর বিভাগীয় ও কেন্দ্রীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করে প্রশিক্ষণ কারিকুলাম সময়োপযোগী করা হয়। ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন ও দ্রুততম সময়ের মধ্যে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য ভূমি ব্যবস্থাপনায় প্রযুক্তির ব্যবহার তথা ডিজিটাইজেশন অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে পড়ছে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কোর্স কারিকুলামে “বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশন কোর্স” সংযোজন করেছে। বর্তমানে এ কেন্দ্রের তত্ত্বাবধানে কেন্দ্রের পাশাপাশি বিভাগীয় ও জেলা পর্যায়েও যথাক্রমে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। কোভিড-১৯ মহামারির সময়েও যাতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা যায়, সে লক্ষ্যে আগস্ট ২০২০ থেকে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে কেন্দ্রে, বিভাগীয় পর্যায়ে এবং জেলা পর্যায়েও প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে কেন্দ্র ২২টি, বিভাগ পর্যায়ে ১৯টি, জেলা পর্যায়ে ১২টি সহ মোট ৫৪টি প্রশিক্ষণ কোর্সের ১,৯৪৬জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২তলা বিশিষ্ট ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ৩টি প্রশিক্ষণ কক্ষ রয়েছে যেখানে একই সঙ্গে ৩টি কোর্সে মোট ১০০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব। ভবনে মোট ৮৬জন প্রশিক্ষণার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে। পুরুষ ও মহিলাদের জন্য আলাদা আলাদা ব্যায়ামাগার, ইনডোর গেমস, নামাজ কক্ষ, টেলিভিশন কক্ষ ও পত্রিকা কর্গার রয়েছে। ৭ম তলায় ১টি লাইব্রেরী রয়েছে এবং লাইব্রেরীতে প্রায় ৬০০০ পুস্তক রয়েছে। কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের জন্য ৬ষ্ঠ তলায় ২টি কম্পিউটার ল্যাবে মোট ৫০টি কম্পিউটার রয়েছে। এ কেন্দ্রের ৮ম তলায় ১টি কর্মশালা/সেমিনার কক্ষ এবং ২য় তলায় ১টি সন্মেলন কক্ষ রয়েছে।

এ বার্ষিক প্রতিবেদনটি ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণসহ অবকাঠামোগত সুযোগ-সুবিধা এবং ২০১৯-২০২০ অর্থ বছরের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে ধারণা দিতে সক্ষম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।


প্রিয়সিন্ধু তালুকদার

ক্র: নং	বিষয়	পৃষ্ঠা
১	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতি	০৭
১.১	পটভূমি, রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য	০৭
১.২	রূপকল্প	০৭
১.৩	অভিলক্ষ্য	০৭
১.৪	উদ্দেশ্য	০৭
১.৫	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলি	০৮
১.৬	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের জনবল ও সাংগঠনিক কাঠামো	০৮
১.৭	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (এলএটিসি) অবকাঠামোগত সুযোগ-সুবিধা ও উদ্ভাবনী সেবাসমূহ	১৩
১.৭.১	অবকাঠামোগত সুযোগ-সুবিধা	১৩
১.৭.২	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন কার্যক্রম ও সেবাসমূহ	১৯
১.৮	প্রশিক্ষণ কোর্স	২৩
১.৮.১	বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এর তালিকা	২৩
১.৮.২	প্রশিক্ষণ পদ্ধতি	২৪
১.৮.৩	প্রশিক্ষণ মডিউল	২৪
১.৮.৪	প্রশিক্ষণ মূল্যায়ন	৪৫
১.৮.৫	কোর্স সমাপনী	৪৫
১.৮.৬	অতিথি বক্তা	৪৬
১.৮.৭	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	৪৮
২.	২০২০-২০২১ অর্থবছরে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম ও অর্জন	৪৯
২.১	প্রশিক্ষণ সাফল্য	৪৯
২.১.১	একনজরে ২০২০-২০২১ অর্থ বছরের ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণের অর্জিত সাফল্য	৪৯
২.১.২	কোর্স অনুসারে অর্জিত সাফল্য	৪৯
২.২	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক প্রশিক্ষণ অগ্রগতি (১৯৮৭ হতে ২০২০ সাল পর্যন্ত)	৫৮
৩.	২০১৯-২০২০ অর্থ বছরে বৈদেশিক প্রশিক্ষণ/মতবিনিময় সফর	৬০
৪.	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয় কার্যক্রম	৬৩
৫.	তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রম	৬৪
৬.	তথ্য প্রকাশ নির্দেশিকা	৬৪

১. ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতি:

১.১ পটভূমি: আধুনিক ভূমি ব্যবস্থাপনা কোন দেশের সুশাসন ও উন্নয়নের একটি অন্যতম উপাদান। আর আধুনিক ভূমি ব্যবস্থাপনা পরিচালনার জন্য প্রয়োজন দক্ষ জনশক্তি। এ দক্ষ জনশক্তি তৈরি হতে পারে ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

ভূমি মন্ত্রণালয় কর্তৃক ১৯৮৭ সালে ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” নামে একটি কর্মসূচি গ্রহণ করা হয়। প্রথম দফায় কর্মসূচির মেয়াদ নির্ধারণ করা হয় ১৯৮৭-৮৮ ও ১৯৮৮-৮৯ অর্থবছর। শুরুতে গণভবন, শেরেবাংলা নগর, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। পরবর্তিতে কর্মসূচির মেয়াদ ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ অর্থবছর পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। কর্মসূচিটির মেয়াদ পুনরায় ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ অর্থ বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়। ইতোমধ্যে ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে সরকার “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” কে স্থায়ীরূপ দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। এ লক্ষ্যে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” ০১-০৬-১৯৯৩ তারিখ হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হয়ে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র” নামে নামকরণ হয় এবং এর কার্যক্রম ভূমি মন্ত্রণালয়ের নিজস্ব ভবন ৩/এ নীলক্ষেত, কাটাবন, ঢাকা-১২০৫ এ স্থানান্তরিত হয়। ২০১৩ সাল হতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, এর নিজস্ব ভবন (১২তলা ভিত্তিসহ ৫তলা বিশিষ্ট) ২৭৭/৫/এ, শহিদ জননী জাহানারা ইমাম সরণি, নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫ এ বৃহত্তর পরিসরে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। ২০১৯ সালে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ভবনটি ১২তলায় উন্নীত হয়েছে এবং ২০১৯-২০২০ অর্থবছর হতে এ প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রমের সুবিধা অনেক বৃদ্ধি পেয়েছে।

১.২ রূপকল্প (Vision)

বাংলাদেশের টেকসই উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণের জন্য ভূমি ব্যবস্থাপনার উৎকর্ষ সাধন।

ভূমি ব্যবস্থাপনায় সম্পৃক্ত মানব-সম্পদের যোগ্যতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণের মাধ্যমে গতিশীল ভূমি ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।

১.৩ অভিলক্ষ্য (Mission)

১.৪ উদ্দেশ্য:

১.৪.১ কৌশলগত উদ্দেশ্য

১। প্রশিক্ষণের মাধ্যমে ভূমি ব্যবস্থাপনায় জড়িত কর্মকর্তা ও কর্মচারীগণের যোগ্যতা, দক্ষতা, দায়িত্বশীলতা, স্ব-উদ্যোগী মনোভাব, স্বচ্ছতা এবং নৈতিকতা বৃদ্ধি।

১.৪.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:

- ১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন।
- ২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
- ৪। উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
- ৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৫ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলি:

- ❖ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের মূল কাজ হলো ভূমি ব্যবস্থাপনা ও ভূমি জরিপের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের ভূমি বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- ❖ ভূমি ব্যবস্থাপনার মাঠ পর্যায়ের সর্বনিম্ন স্তর ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, উপ-সহকারী কর্মকর্তা, উপজেলা ভূমি অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, অফিস সহকারী, সার্ভেয়ার, কানুনগোসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), আরডি-সি, জেসিও, এল.এ.ও, উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের কর্মকর্তাদের ভূমি আইন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন।
- ❖ ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং সেটেলমেন্ট বিভাগের সহকারী সেটেলমেন্ট অফিসার, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার, কানুনগো, খারিজ সহকারীসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের জন্যও ভূমি আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন।
- ❖ বাংলাদেশ পুলিশ এর সহকারী পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারগণও স্বল্প পরিসরে ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকেন।
- ❖ এছাড়া জেলা ও বিভাগ পর্যায়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্যোগে জেলা প্রশাসন ও বিভাগীয় কমিশনারের সহায়তায় জেলা প্রশাসন ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী ভূমি কর্মকর্তা, নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, সার্ভেয়ার ও অফিস সহকারীসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১ সপ্তাহ ব্যাপী ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা।
- ❖ ভূমি ব্যবস্থাপনা ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়ে ১ দিনের কর্মশালা ও সেমিনার আয়োজন করা।
- ❖ ভূমি আইন ও ভূমি ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞতা বিনিময় ও জ্ঞান আহরণের জন্য প্রশিক্ষণার্থী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অনুমতি ও ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের সমন্বয়ে বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন করা।

১.৬ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের জনবল ও সাংগঠনিক কাঠামো:

১.৬.১ জনবল কাঠামো:

পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। এ কেন্দ্রের রাজস্ব খাতে অনুমোদিত জনবল ৪২ জন, যার বিবরণ নিম্নরূপ:

ক্রমিক	পদবি	স্থায়ী পদ	নবসৃষ্ট পদ (অস্থায়ী)	মোট পদ
০১	পরিচালক	০১	-	০১
০২	উপ-পরিচালক	০১	০১	০২
০৩	সহকারী পরিচালক	০৫	-	০৫
০৪	প্রকাশনা কর্মকর্তা	-	০১	০১
০৫	সহকারী প্রোগ্রামার	-	০১	০১
০৬	হোস্টেল সুপার	-	০১	০১
০৭	সহকারী লাইব্রেরিয়ান	-	০১	০১
০৮	প্রধান সহকারী	০১	-	০১

ক্রমিক	পদবি	স্থায়ী পদ	নবসৃষ্ট পদ (অস্থায়ী)	মোট পদ
০৯	হিসাব রক্ষক	০১	-	০১
১০	কম্পিউটার অপারেটর	০১	-	০১
১১	লাইব্রেরী সহকারী কাম ক্যাটালগার	০১	-	০১
১২	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১	-	০১
১৩	নাজির কাম ক্যাশিয়ার	০১	-	০১
১৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	-	০৩
১৫	গাড়ী চালক	০১	-	০১
১৬	ইলেকট্রিশিয়ান	-	০১	০১
১৭	ক্যাশ সরকার	০১	-	০১
১৮	অফিস সহায়ক	০৬	-	০৬
১৯	নিরাপত্তা প্রহরী	০২	০১	০৩
২০	পরিচ্ছন্নতা কর্মী	০১	-	০১
২১	প্লাম্বার কাম পাম্প অপারেটর	-	০১	০১
২২	লিফট ম্যান	-	০১	০১
২৩	বাবুর্চি	-	০১	০১
২৪	সহকারী বাবুর্চি	-	০১	০১
২৫	ক্লাস এ্যাটেনডেন্ট	-	০২	০২
২৬	হোস্টেল বয়	-	০২	০২
	মোট-	২৭	১৫	৪২

সাংগঠনিক কাঠামো বহির্ভূত উপরোক্ত ৪২ জন ছাড়াও বিভিন্ন ক্যাটাগরিতে অতিরিক্ত ১৫ টি পদে (১৭তম হতে ২০তম গ্রেড) অর্থ বিভাগ- এর অনুমোদনক্রমে (স্মারক নং-০৭.১৫২.০০০.৩১.০০.০০০.(ভূমি-৮).৯৮-৩১৫, তাং-০২/০২/২০২০) আউটসোর্সিং নীতিমালা-২০১৮ মোতাবেক আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগ প্রদান করা হয়েছে।

১.৬.২ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত জনবলের তথ্যাদি:

১) কর্মকর্তা: (১ম গ্রেড হতে ১০ম গ্রেড পর্যন্ত)

ক্রমিক	নাম	পদবি	টেলিফোন ও ইমেইল
০১	জনাব প্রিয়সিন্ধু তালুকদার	পরিচালক (ভারপ্রাপ্ত)	৯৬৬২৩৫৫, ৯৬৭৫৫৩৪, ০১৫৫০০৫০৮০০ director@latc.gov.bd
০২	জনাব প্রিয়সিন্ধু তালুকদার	উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) উপ-পরিচালক, প্রশিক্ষণ (অতি: দায়িত্ব)	৯৬৭৫৫৩২, ০১৫৫০০৫০৮০১ ddadmin@latc.gov.bd
০৩	জনাব ফারহানা করিম	সহকারী পরিচালক (প্রশাসন)	৯৬৭৪৪৩১, ০১৫৫০০৫০৮০৩ adadmin@latc.gov.bd

ক্রমিক	নাম	পদবি	টেলিফোন ও ইমেইল
০৫	জনাব খান এ. সবুর খান	সহকারী পরিচালক (উন্নয়ন, সেবা ও আইসিটি)	৫৮৬১০৫৯৬, ০১৫৫০০৫০৮০৪ adds@latc.gov.bd
০৬	জনাব ফারাহ তানজিলা মতিন	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)	৯৬৩৫৩০১, ০১৫৫০০৫০৮০৬ adtraining@latc.gov.bd
০৭	জনাব কেয়া দেবনাথ	সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২)	৯৬৭৪৪২৯ ০১৭৭৭৩৮০৯৮৭
০৮	জনাব মামুনুর রশীদ	সহকারী পরিচালক (ডরমিটরি)-সংযুক্ত (সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়)	০১৭১৬১৮১২৪১ addormitory@latc.gov.bd
০৯	জনাব মো: শামীম হোসেন	সহকারী প্রোগ্রামার	০১৫৫০০৫০৮১৩ ap@latc.gov.bd
১০	জনাব উম্মে হাফসা	সহকারী পরিচালক (ক্যাফেটেরিয়া)	৯৬৭৪৪৫১, ০১৫৫০০৫০৮০৭ adcafeteria@latc.gov.bd
১১	জনাব মো: মোজাম্মেল হক	হোস্টেল সুপার	০১৫৫০০৫০৮১২ hs@latc.gov.bd

২) কর্মচারী: (১১তম গ্রেড হতে ১৬তম গ্রেড পর্যন্ত)

ক্রমিক	নাম	পদবী	মোবাইল
০১	জনাব মু: আলতাফ মাহমুদ	প্রধান সহকারী	০১৫৫০০৫০৮১১, ০১৭২৬৯৩৭৩৭২
০২	জনাব মো: শোহানুর রহমান সোহাগ	সহকারী লাইব্রেরিয়ান	০১৭৫৬৭২১৯১৫
০৩	জনাব এস,এম,এ ইফসুফ	হিসাব রক্ষক	০১৫৫০০৫০৮১৫, ০১৬২৭৩৮৫০৮০
০৪	বেগম মোসা: কোহিনুর খাতুন	লাইব্রেরি সহকারী-কাম-ক্যাটালগার	০১৭৯৩৯৭২০২৫
০৫	জনাব মো: আনিসুর রহমান	কম্পিউটার অপারেটর	০১৭৫১৬৬৯১৯০
০৬	জনাব মো: আমিনুল ইসলাম	নাজির কাম-ক্যাশিয়ার	০১৫৫০০৫০৮১৭, ০১৭১১৭৮৮২৬৪
০৭	জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম	সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১৭১৭৮৭০৪৮৭
০৮	বেগম সেলিনা আক্তার	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	০১৫৫০০৫০৮১৬, ০১৯৩২০৭৯০৬১
০৯	জনাব মো: রুহুল আমিন	ইলেক্ট্রিশিয়ান	০১৯৩৪৭২৭৭১৪
১০	জনাব মো: হাসান সানি	অফিস সহকারী কাম কম্পি: মুদ্রাক্ষরিক	০১৩০৩৭৩০৪১৩
১১	জনাব নাজমুস সাকিব	গাড়ীচালক	০১৯০৭৩২৬৪২০

৩) কর্মচারী: (১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত)

ক্রমিক	নাম	পদবী	মোবাইল
০১	জনাব মো: জহুরুল ইসলাম	ক্যাশ সরকার	০১৭১৬৩৪৮৯৮৭
০২	জনাব মো: কবির হোসেন	অফিস সহায়ক	০১৬৮২৬০০৩৪৬
০৩	জনাব মো: আশরাফুল ইসলাম	অফিস সহায়ক	০১৯১৩২৮৫৯১২
০৪	জনাব মো: জাহাঙ্গীর আলম	অফিস সহায়ক	০১৮১৬৮২৫০১৩
০৫	জনাব মো: রফিকুল ইসলাম	অফিস সহায়ক	০১৭১৭২৪১১৪৭


ক্রমিক	নাম	পদবী	মোবাইল
০৬	জনাব মো: কাইয়ুম হোসেন	অফিস সহায়ক	০১৭৯১৯১৯৪১০
০৭	জনাব শেখ নিজাম উদ্দিন	নিরাপত্তা প্রহরী	০১৯৬১৬৬৫৩৯৪
০৮	জনাব জিগুর রহমান	নিরাপত্তা প্রহরী	০১৯১৬২৮৫৪৯৩, ০১৪০০২৮৭৯৯৪
০৯	বেগম সালমা বেগম	পরিচ্ছন্নতা কর্মী	০১৭৬৪৫৩৫৩১১, ০১৯৬৪১৩১০৩৮

৪) আউটসোর্সিং কর্মচারী: (১৭তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত)

আউটসোর্সিং পদ্ধতিতে বিভিন্ন ক্যাটাগরিতে নিয়োগকৃত ২৪ জন কর্মচারী কর্মরত আছেন। ২০১৯-২০২০ অর্ধছরে আউটসোর্সিং নীতিমালা ২০১৮ মোতাবেক উনুক্ত দরপত্র প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান মীর ট্রেড ইন্টারন্যাশনাল, ৪৪/১ নিউ মার্কেট সিটি কমপ্লেক্স কলেজ এরিয়া, নিউ মার্কেট, ঢাকা চুক্তিপত্র অনুসারে ৫ বছরের জন্য নিম্নবর্ণিত জনবল সরবরাহ করেছে। যা মেয়াদান্তে নবায়নযোগ্য।

ক্রমিক	নাম	পদবী	মোবাইল
০১	জনাব মো: জয়নাল আবেদীন (সবুজ)	বাবুর্চি সেবা	০১৮৮৪৭১৭৭৫৩
০২	জনাব মো: আনোয়ার হোসেন	প্লাম্বার সেবা	০১৭৩৬৩৩৭৬১০
০৩	জনাব মো:রফিকুল ইসলাম (উজ্জল)	লিফট ম্যান সেবা	০১৭৬৫৫৬৬১৯৪
০৪	জনাব মো: আল মাসুদ	ক্লাশ এটেনডেন্ট	০১৭৫১১০৮৩৪২
০৫	জনাব মো: হাসিবুল সরদার	ক্লাশ এটেনডেন্ট	০১৭২৫১৭৭৭৯৬
০৬	জনাব মো: জহিরুল ইসলাম (সুজন)	সহকারী বাবুর্চি সেবা	০১৮৪৩৭০১১৭১
০৭	জনাব মো: আরমান হোসেন	নিরাপত্তা প্রহরী	০১৯৫৪০৯৭৯৪৭, ০১৮৫৬৭৯৯৪১৫
০৮	জনাব মো: রাজিব চৌধুরী	হোস্টেল বয় সেবা	০১৭৮১৮৫৪৮৫৪
০৯	জনাব মো: হুমায়ন কবির	ডাইনিং সেবা	০১৯০৭১৩১৪০৫
১০	জনাব মো: আবু বকর	ডাক বিতরণ সেবা	০১৭৮৫৪৮১৯০৮
১১	জনাব মো: উমর ফারুক	পরিবহন সেবা	০১৯১৭৭৮৮০২৭
১২	জনাব মো: মজনু (মিলন)	পরিবহন সেবা	০১৯২৭২২১৭১৮
১৩	জনাব মো: মাইনুল ইসলাম	স্যুনিটারি মিস্ত্রি	০১৭২৭৮৮৭০৪৩
১৪	জনাব মো: সোয়াইব হাওলাদার	ডাইনিং সেবা	০১৩০৩৭৬১৬৩৭
১৫	জনাব লিটন চন্দ্র পাল	হোস্টেল বয়	০১৭৩৪৩৭৪১২৬
১৬	জনাব মো: নূর হোসেন (সাদ্দাম)	কুকিং সেবা (মশলাচি)	০১৮৩০২২০৭৯৬
১৭	জনাবা মো: হাবিবুর রহমান	ইলেক্ট্রিক্যাল সংক্রান্ত সেবা (ফটোমেশিন অপারেটর)	০১৭৩২১৭৭৬৮৭
১৮	জনাব মো: মেহেদী হাসান	জেনারেটর/পাম্প অপারেটিং সেবা	০১৭৭১২৩৫২৯২
১৯	জনাব মো: শাহিন হোসেন	কম্পিউটার ল্যাব এটেনডেন্ট	০১৭৬২৭২৯৫৫৭
২০	জনাব মো: ওয়াসিম খান	এসি মেকানিক	০১৪০০৫৯০৫৪১
২১	জনাব সোহান মাহমুদ সিমান্ত	ইলেক্ট্রিক্যাল সংক্রান্ত সেবা (ইলেক্ট্রিক্যাল হেলপার)	০১৯৫১২৫২৬২৯
২২	জনাব জাকির হোসাইন	পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা	০১৭৩৮৭০৯৭৩২
২৩	জনাব মো: সিদ্দিকুর রহমান	পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা	০১৯৩২৭৮৮৬৮০
২৪	জনাবা রোসনা রানী	পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা	০১৮৪২৩৮৬৬০০, ০১৯৫৯৫৪১৯৪৮

ভূমি মন্ত্রণালয়ীয় ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এর সাংগঠনিক কাঠামো (জনবল, যানবাহন ও অফিস সরঞ্জামাদি, TO&E)



পরিচালক

সচিব

মন্ত্রী

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

ভূমি মন্ত্রণালয়

ভূমি মন্ত্রণালয়

ক্র.	যানবাহন ও অফিস সরঞ্জামাদি	পরিমাণ
০১	কম্পিউটার প্রিন্টারসহ (নগর)	২০ (বিশ)টি
০২	কম্পিউটার (শাবা) ২টি ল্যাব x ২০টি	৪০ (চল্লিশ)টি
০৩	ল্যান প্রিন্টার	০৪ (চার)টি
০৪	ল্যাপটপ	০৮ (আট)টি
০৫	স্ট্রীল সার্ভার	০১ (এক)টি
০৬	EMP-715-Multimedia LCD Projector	০১ (এক)টি
০৭	Multimedia LCD Projector	০৫ (পাঁচ)টি
০৮	ফটোকপিয়ার	০৩ (তিন)টি
০৯	ওভার হেড গ্রাফেক্স	০১ (এক)টি
১০	Uniplex Meeting Amplifier (With Recorder & Cord Less Microphone)	০৬ (ছয়)টি
১১	Refrigerator	০৩ (তিন)টি
১২	Freezer	০২ (দুই)টি
১৩	ডিজিও ক্যামেরা	০২ (দুই)টি
১৪	ডিজিটি প্রোয়ার	০২ (দুই)টি
১৫	ডিজিটাল ক্যামেরা	০২ (দুই)টি
১৬	মাইক	০৬ (ছয়)টি
১৭	ফ্যাক্স মেশিন	০৬ (ছয়)টি
১৮	টেলিভিশন	০৩ (তিন)টি
১৯	গাড়ী : (ক) জীপ	০১ (এক)টি
	(খ) মাইক্রোবাস	০১ (এক)টি
	(গ) কার	০১ (এক)টি
২০	মোটর সাইকেল	০১ (এক)টি
২১	জেনারেটর ২০০ কেভি	০১ (এক)টি
২২	ট্রেনিংহাউস	২০ (বিশ)টি
২৩	এয়ারকন্ডার মেশিন :	
	(ক) ক্রসরুম (৩টি x ৩ রুম)	০৯ (নয়)টি
	(খ) ডাইনিং রুম	০৩ (তিন)টি
	(গ) লাইব্রেরী	০৩ (তিন)টি
	(ঘ) কানফারেন্স রুম	০২ (দুই)টি
	(ঙ) কম্পিউটার ল্যাব (২টি x ২ রুম)	০৪ (চার)টি
	(চ) কনন/টেলিভিশন রুম	০২ (দুই)টি
	(ছ) পরিচালক এর কক্ষ	০১ (এক)টি
	(জ) অভ্যর্থনা কক্ষ	০১ (এক)টি
২৪	লিনকুট	০২ (দুই)টি
২৫	পানির পাম্প	০৩ (তিন)টি
২৬	পানির ফিল্টার	০৬ (ছয়)টি

ক্রঃ নং	পদের নাম/শ্রেণী	বিদ্যমান	নতুন সৃজিত পদ	মোট
১	১ম শ্রেণী	০৭	০৩	১০
২	২য় শ্রেণী	-	০২	০২
৩	৩য় শ্রেণী	১০	০১	১১
৪	৪র্থ শ্রেণী	১০	০৯	১৯
	মোট :	২৭	১৫	৪২

১.৭ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (এলএটিসি) অবকাঠামোগত সুযোগ-সুবিধা ও উদ্ভাবনী সেবাসমূহ:

১.৭.১. অবকাঠামোগত সুযোগ-সুবিধা

ঢাকা বিশ্ববিদ্যালয়, নিউমার্কেট ও শাহাবাগ এলাকার কাছাকাছি কাটাবন ঢাল এলাকায় ২১.৫৮ শতক জমির উপর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিজস্ব ভবন অবস্থিত। ১২ তলা ফাউন্ডেশন বিশিষ্ট এ ভবনের ১২ তলা পর্যন্ত নির্মাণ কাজ ২০১৯ সালে শেষ হয়েছে এবং বর্তমানে একটি পরিপূর্ণ প্রতিষ্ঠান হিসেবে এ ভবনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ তলা হতে ১২তম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারিত অংশের নামফলক উন্মোচন করেন জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি, মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। (তারিখ: ১১ মার্চ, ২০২০ খ্রি:)



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ৬ষ্ঠ তলা হতে ১২তম তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারিত অংশের শুভ উদ্বোধন ঘোষণা করেন জনাব সাইফুজ্জামান চৌধুরী, এমপি, মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়। (তারিখ: ১১ মার্চ, ২০২০ খ্রি:)



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবন (১২তলা বিশিষ্ট)



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ভবন নির্দেশিকা



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভবনের মূল গেইট

১) প্রশিক্ষণ কক্ষ: এলএটিসি ভবনের ৩য়, ৪র্থ ও ৫ম তলায় ৩টি প্রশিক্ষণ কক্ষ রয়েছে। প্রতিটি প্রশিক্ষণ কক্ষে ৩৫ জন প্রশিক্ষণার্থীর আসন ব্যবস্থা রয়েছে।



ছবি: প্রশিক্ষণ কক্ষে ১৬তম ও ১৭তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ অধিবেশনে অংশগ্রহণরত।

(২) সম্মেলন কক্ষ: এলএটিসি ভবনের ২য় তলায় ১টি সম্মেলন কক্ষ রয়েছে। এ সম্মেলন কক্ষে ৬০ জনের বসার ব্যবস্থা রয়েছে।



ছবি: সম্মেলন কক্ষ



নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয় এবং এখানে অবস্থানরত প্রশিক্ষার্থীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিয়মিত তদারকি করা হয়। কেবলমাত্র এ কেন্দ্রে প্রশিক্ষণে অংশগ্রহণ-কারীদের জন্য এই আবাসন সুবিধা রয়েছে।

৩) ডরমিটরী: এলএটিসি ভবনের ৫ম, ১০ম, ১১তম ও ১২তম তলায় মোট ৪৩টি ডবল সিট বিশিষ্ট কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষে ২জন করে মোট ৮৬ জন প্রশিক্ষার্থীর আবাসিক সুবিধা আছে। প্রতিটি কক্ষে সংযুক্ত বাথরুম এবং নিজস্ব ব্যালকনিসহ আধুনিক আসবাবপত্র সুসজ্জিত রয়েছে। ডরমিটরির প্রতিটি কক্ষ



ছবি: ডরমিটরী ফ্লোর ও ডরমিটরী কক্ষ



৪) লাইব্রেরি: এলএটিসি ভবনের ৭ম তলায় একটি লাইব্রেরি রয়েছে যার পুস্তক সংখ্যা প্রায় ছয় হাজার। এখানে ভূমি সংক্রান্ত পুস্তক ছাড়াও অন্যান্য আইন, রাজনীতি, সাহিত্য, ধর্মীয়, আন্তর্জাতিক বিষয়াদি ও অন্যান্য বিষয়ের পুস্তক এবং সাময়িকী রয়েছে।



ছবি: লাইব্রেরী ও লাইব্রেরীতে অধ্যয়নরত প্রশিক্ষার্থীগণ

৫) কম্পিউটার ল্যাব: এলএটিসি ভবনের ৬ষ্ঠ তলায় ২টি কম্পিউটার ল্যাব রয়েছে। প্রতিটি ল্যাবে ৩০জন করে মোট মোট ৬০জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়ার সক্ষমতা রয়েছে। কম্পিউটার ল্যাবের মাধ্যমে প্রশিক্ষার্থীদের তথ্য ও প্রযুক্তির উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ১২তলা ভবনের প্রতিটি তলায় ওয়াই-ফাই সুবিধা চালু রয়েছে।



ছবি: লাইব্রেরী ও লাইব্রেরীতে অধ্যয়নরত প্রশিক্ষার্থীগণ

৬) কর্মশালা/সেমিনার কক্ষ : এলএটিসি ভবনের ৮ম তলায় ১টি কর্মশালা/ সেমিনার কক্ষ রয়েছে। এখানে ৩৫ জন অংশগ্রহণকারীর আসন ব্যবস্থা রয়েছে।



ছবি: কর্মশালা/সেমিনার কক্ষ

৭) ডাইনিং: এলএটিসি ভবনের ৪র্থ তলায় মোট ১০০ জন প্রশিক্ষণার্থী-এর আসন ব্যবস্থাসহ সার্বিক সুবিধা সম্বলিত উন্নতমানের দুইটি ডাইনিং রয়েছে। এখানে প্রশিক্ষণার্থীদের সকালের নাস্তা, দুপুরের খাবার ও রাতের খাবার পরিবেশন করা হয়। খাবার তৈরি থেকে শুরু করে পরিবেশন পর্যন্ত প্রতিটি পদক্ষেপে স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার ব্যাপারে এলএটিসি কর্তৃপক্ষের সর্বদা সজাগ দৃষ্টি বিদ্যমান। ক্যাফেটেরিয়ায় ব্যুফে সিস্টেমে সেল্ফ সার্ভিস এর মাধ্যমে খাবার পরিবেশনের ব্যবস্থা করা হয়ে থাকে। পরিবেশনকারীদের জন্য রয়েছে নির্ধারিত পোশাক। এছাড়াও ক্যাফেটেরিয়ায় কর্মরত কর্মচারীদের খাবার প্রস্তুত এবং পরিবেশন বিষয়ক প্রশিক্ষণ এর মাধ্যমে প্রশিক্ষিত করার প্রয়াস চলমান।

ক্রমিক	ডাইনিং এর নাম	এসি/ নন এসি	ধারন ক্ষমতা (জন)
১	ডাইনিং-০১	এসি	৫০
২	ডাইনিং-০২	এসি	৫০



ছবি: ডাইনিং কক্ষ

৭) ব্যায়ামাগার ও বিনোদন কক্ষ: এলএটিসি ভবনের ৫ম তলায় ও ৯ম তলায় ১টি করে মোট ২টি টেলিভিশন কক্ষ, ৯ম তলায় ২টি ব্যায়ামাগার (মহিলা ও পুরুষ) এবং ইনডোর খেলাধুলার ব্যবস্থা আছে।



ছবি: ব্যায়ামাগার




ছবি: ইনডোর গেমস কক্ষ

১.৭.২ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন কার্যক্রম ও সেবাসমূহ :

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিনিয়ত প্রশিক্ষণ গ্রহণ করতে আসা প্রশিক্ষার্থীদের প্রদেয় সেবাসমূহ সহজ করার জন্য উদ্ভাবনী চেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই অংশ হিসেবে নিম্নবর্ণিত কার্যক্রম চালু করা হয়েছে: -

- ❖ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীগণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ও হ্যান্ড আউট সরবরাহ: প্রশিক্ষার্থীগণ মনোনয়ন প্রাপ্তির পর latc.gov.bd ওয়েব সাইটে 'অনলাইন রেজিস্ট্রেশন' এ ক্লিক করে ফরমটি পূরণ করতে পারেন। প্রশিক্ষার্থীগণ অনলাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণ করার পর এসএমএস এ একটি কোড সরবরাহ করা হয়। উক্ত কোড দ্বারা অনলাইনে সরবরাহকৃত হ্যান্ড আউট রেজিস্ট্রিকৃত প্রশিক্ষার্থীগণ পড়তে এবং ডাউনলোড করতে পারবেন, যা কোর্স শুরুর পূর্বেই সরবরাহ করা হয়।



- ❖ প্রত্যেক প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ চলাকালীন ল্যাপটপ সরবরাহ: প্রশিক্ষার্থীগণ কোর্সে অংশগ্রহণ করার পর প্রত্যেককে একটি করে ল্যাপটপ সরবরাহ করা হয়। যা প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষার্থীর নিকট থাকে এবং প্রশিক্ষণ শেষে কর্তৃপক্ষের নিকট জমা দিতে হয়।
- ❖ জুম পদ্ধতিতে অনলাইনে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ মূল্যায়ন।




- ❖ ভিডিও কনফারেন্স সিস্টেম চালুকরণ: ভিডিও কনফারেন্স এর মাধ্যমে দূরপ্রশিক্ষণের অংশ হিসেবে বিভিন্ন বিভাগে অনুষ্ঠিত কোর্সের সেশন পরিচালনা করা হয়।

- ❖ লাইব্রেরীর বই ক্যাটালগিং এবং ব্যবস্থাপনা: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের লাইব্রেরীতে ক্রয়কৃত সকল পুস্তক ওয়েববেজড এ্যাপ্লিকেশনস সফটওয়্যার এর মাধ্যমে ক্যাটালগিং, সংরক্ষণ ও ব্যবস্থাপনা করা হয়ে থাকে।



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের পুস্তক ক্যাটালগিং সিস্টেম সফটওয়্যারের ড্যাশ বোর্ড



❖ প্রচার ও বিজ্ঞাপন : ২০২০-২০২১ অর্থ বছরে প্রচার ও বিজ্ঞাপনে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ভূমি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরে এবং প্রতিটি বিভাগে বিভাগীয় কমিশনারের কার্যালয় ও প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয় কার্যালয়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের লোগো সম্বলিত বার্ষিক ক্যালেন্ডার প্রেরণ করা হয়েছে।



ছবি: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক তৈরীকৃত ডেস্ক ক্যালেন্ডার



অনলাইন বাজেট ম্যানেজমেন্ট সফটওয়্যার এর হোম পেজ

❖ অনলাইন বাজেট ম্যানেজমেন্ট সফটওয়্যার: অনলাইন বাজেট ম্যানেজমেন্ট সিস্টেম-এর মাধ্যমে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রাপ্ত বাজেট সফটওয়্যারে এন্ট্রি দিয়ে পরবর্তীতে খরচের বিবরণাদি এন্ট্রি দিলে অটোমেটিক সিস্টেমের মাধ্যমে মোট বাজেট থেকে হিসাব বিবরণী প্রস্তুত হয়। যাতে ব্যালেন্স এর পরিমাণ খরচের পরবর্তীতে কত থাকে তা জানা যায়।

এই সফটওয়্যারের মাধ্যমে যে কোন সময় যে কোন খাতে কত টাকা আছে এবং কত টাকা খরচ হয়েছে তা জানা যেমন সম্ভব হয় তেমনি এক কোড থেকে অপর কোডে উপযোজনও করা যায়। যাতে সময় সাশ্রয় হয় এবং দ্রুততম সময়ে মন্ত্রণালয়ে রিপোর্ট প্রেরণ করা সহজ হয়। এ সফটওয়্যারটি ২০১৯-২০ অর্থ বছর থেকে চালু করা হয়েছে।



অনলাইন বাজেট ম্যানেজমেন্ট সফটওয়্যার

১.৮ প্রশিক্ষণ কোর্স:

১.৮.১ বিভিন্ন প্রশিক্ষণ কোর্স এর তালিকা:

ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় কেন্দ্রে বিভিন্ন মেয়াদে ভূমি ব্যবস্থাপনা ও অন্যান্য প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কোর্সগুলো নিম্নরূপ:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/এলএ/শিক্ষা) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং বিসিএস পুলিশ ক্যাডারের অতিরিক্ত পুলিশ সুপার পর্যায়ের কর্মকর্তাগণের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স-১” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।

২। উপজেলা নির্বাহী অফিসার গণের জন্য উচ্চতর ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স-২ (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)

৩। সহকারী কমিশনার (ভূমি) গণের জন্য বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স (মেয়াদ-৪ সপ্তাহ, ১২০ টি অধিবেশন)।



ছবি: ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরে বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ।



ছবি: ২০২০-২১ অর্থ বছরে সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য আয়োজিত ২০তম বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীর হাতে সনদ তুলে দিচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব, ভূমি মন্ত্রণালয় জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ

৪। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও অন্যান্য দপ্তরের সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য “ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ-২ সপ্তাহ, ৬০ টি অধিবেশন)।

৫। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা ও অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/ভূমি অধিগ্রহণ কাজে সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সমপর্যায়ের কর্মকর্তাগণের জন্য ভূমি অধিগ্রহণ কোর্স (মেয়াদ ১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।

৬। অধিগ্রহণ সংশ্লিষ্ট কানুনগো, সার্ভেয়ার, অফিস সহকারী ও সমপর্যায়ের কর্মচারীগণের জন্য বিশেষ ভূমি অধিগ্রহণ কোর্স (মেয়াদ ১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।

৭। ভূমি মন্ত্রণালয়ের হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তরের নিরীক্ষক (রাজস্ব)দের জন্য ভূমি বিষয়ক অডিট ব্যবস্থাপনা কোর্স (মেয়াদ ২ সপ্তাহ, ৬০ টি অধিবেশন)।

৮। কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, নাজিক-কাম-ক্যাশিয়ার, নামজারী সহকারী ও সমপর্যায়ের কর্মচারীদের জন্য বেসিক কম্পিউটার অ্যাপ্লিকেশনস কোর্স(মেয়াদ ২ সপ্তাহ, ৬০টি অধিবেশন)।

৯। কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, নাজির-কাম-ক্যাশিয়ার, নামজারী সহকারী ও সমপর্যায়ের কর্মচারীদের জন্য বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স-০১ (মেয়াদ ২ সপ্তাহ, ৬০টি অধিবেশন)।

১০। ভূমি মন্ত্রণালয়ের সংযুক্ত অধিদপ্তর/দপ্তরে কর্মরত কর্মচারীগণের জন্য “বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স-০২” (মেয়াদ-২ সপ্তাহ, ৬০ টি অধিবেশন)।

১১। বিভাগ ও জেলা পর্যায়ে ভূমি সহকারী কর্মকর্তা, ভূমি উপ-সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, রাজস্ব সহকারী, পেশকার, বেঞ্চ সহকারী এবং সার্টিফিকেট সহকারীসহ সমপর্যায়ের কর্মচারীগণের জন্য “ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।

১২। পার্বত্য জেলাসমূহে ভূমি ব্যবস্থাপনায় নিয়োজিত হেডম্যান এবং ভূমি সংশ্লিষ্ট কর্মচারীগণের জন্য “পার্বত্য ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০ টি অধিবেশন)।

১৩। নিয়মিত প্রশিক্ষণ ছাড়াও ভূমি ব্যবস্থাপনার সাথে পরোক্ষভাবে জড়িত প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে ভূমি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনক্রমে ভূমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত বিষয়ে সাক্ষ্যকালীন প্রশিক্ষণ প্রদান করা হয়।

১.৮.২ প্রশিক্ষণ পদ্ধতি:

বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরে কর্মরত কর্মকর্তা যারা ভূমি বিষয়ক বিভিন্ন আইন কানুনে অত্যন্ত পারদর্শী এবং মাঠ পর্যায়ে দীর্ঘদিন সরাসরি ভূমি ব্যবস্থাপনা ও জরিপ কাজের সাথে যুক্ত ছিলেন তাঁরা প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করে থাকেন। লেকচার (Powerpoint Presentation), প্রশ্ন-উত্তর পর্ব, দলীয় আলোচনা, কেস স্ট্যাডি বিশ্লেষণ, রোল-প্লে, ডেমোনস্ট্রেশন, ইত্যাদি Two way communication এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে সংযুক্ত প্রদান ও শিক্ষা সফরের মাধ্যমে ব্যবহারিক প্রশিক্ষণ এর আয়োজন করা হয়। এছাড়া Zoom apps এর মাধ্যমে ভূমি ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মকর্তাদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। মাঝে মাঝে অভিজ্ঞতা বিনিময়ের জন্য সাক্ষ্য অধিবেশনে সরকারের পদস্থ কর্মকর্তা ও গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের আমন্ত্রণ জানিয়ে মুক্ত আলোচনার ব্যবস্থা করা হয়। ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে কর্মশালা এবং সেমিনারেরও আয়োজন করা হয়।

১.৮.৩ প্রশিক্ষণ মডিউল:

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্স: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক বিশেষত: ভূমি প্রশাসনে কর্মরত কর্মচারীদের স্বক্ষমতা বৃদ্ধির জন্য কেন্দ্র, বিভাগ ও জেলা পর্যায়ে বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়ে থাকে। এসব কোর্স পরিচালনার জন্য পৃথক পৃথক প্রশিক্ষণ মডিউল রয়েছে। তবে প্রতিবছর সরকারের নির্দেশনা ও যুগের চাহিদা অনুযায়ী মডিউলে কিছু বিষয় নতুনভাবে অন্তর্ভুক্ত করা হয়।

প্রশিক্ষণ কোর্স নং-১

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/এল, এ/শিক্ষা ও উন্নয়ন) এবং অতিরিক্ত পুলিশ সুপারগণের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স-১” (মেয়াদ-১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।

অধিবেশনসমূহ

- ১। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।
- ২। ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন, জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার।
- ৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০
 - ❖ অধিবেশন-১: ধারা ১-৭৮
 - ❖ অধিবেশন-২: ধারা ৭৯-১৫০
- ৫। প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।
- ৬-৭। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা:
 - ❖ অধিবেশন-১: কৃষি।
 - ❖ অধিবেশন-২: অকৃষি।
- ৮। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।
- ৯। ওয়াকুফ ও দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।
- ১০। অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং অধিগ্রহণকৃত ভূমির ব্যবস্থাপনা।
- ১১-১২। সাধারণত মহল ব্যবস্থাপনা
 - ❖ অধিবেশন-১: হাটবাজার ও জল মহাল সংক্রান্ত আইন ও নীতিমালা।
 - ❖ অধিবেশন-২: বালু মহাল, পাথর মহাল, ঘাট/ফেরী ঘাট, চিংড়ি ও লবন মহাল, চা বাগান ব্যবস্থাপনা।
- ১৩-১৪। উত্তরাধিকার আইন।
 - ❖ অধিবেশন-১: মুসলিম আইন।
 - ❖ অধিবেশন-২: হিন্দু এবং অন্যান্য ধর্মীয় আইন।
- ১৫। নামজারী, জমাখারিজ ও জমা একত্রীকরণ।
- ১৬। দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শগ্রাম, আশ্রায়ণ প্রকল্প, গুচ্ছগ্রাম প্রকল্প, ক্লাইমেন্ট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট।
- ১৭। দেওয়ানী মামলা পরিচালনা ও দফাওয়ারী

প্রতিবেদন প্রস্তুত প্রণালী।

- ১৮। ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমৌজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।
- ১৯। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ এবং খেলার মাঠ, উদ্যান, উন্মুক্ত স্থান সংরক্ষণ/।
- ২০। খাস জমি উদ্ধার, সরকারি সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।
- ২১। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০।
- ২২। রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০
- ২৩-২৪। বিষয় ভিত্তিক দলীয় আলোচনা ও উপস্থাপন।
- ২৫। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্ল্যান (পিপি)।
- ২৬। তথ্য অধিকার আইন, ২০০৯।
- ২৭। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ২৮। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।
- ২৯। আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং সরকারি ক্রয় আইন ও বিধিমালা।
- ৩০। ভূমি অফিসে দূর্নীতি; এর কারণ, প্রতিকার ও প্রতিরোধ।
- ৩১। উদ্ভাবনী চিন্তা চেতনা এবং ভূমি ব্যবস্থাপনার সেবা সহজীকরণ।
- ৩২। প্রজেক্ট ম্যানেজমেন্ট।
- ৩৩। ল্যান্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম।
- ৩৪। পরিবেশ আইন।

প্রশিক্ষণ কোর্স নং- ০২

উপজেলা নির্বাহী অফিসারদের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স - ২” (মেয়াদ- ১ সপ্তাহ, ৩০টি অধিবেশন)।

অধিবেশনসমূহ

- ১। ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন।

- ২। জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার এবং ভূমি প্রশাসনে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের ভূমিকা।
- ৩। খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তি অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।
- ৪-৫। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০ (অধিবেশন ১ ও ২)।
- ৬। প্রজাস্বত্ব বিধিমালা- ১৯৫৫।
- ৭-৮। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা-
 অধিবেশন-১: কৃষি।
 অধিবেশন-২: অকৃষি।
- ৯-১০। সাধারণত মহল ব্যবস্থাপনা।
 অধিবেশন-১: হাট বাজার সংক্রান্ত আইন এবং হাটবাজার ব্যবস্থাপনা।
 অধিবেশন-২: জলমহাল ও ঘাট/ফেরীঘাট ব্যবস্থাপনা।
- ১১-১২। উত্তরাধিকার আইন।
 অধিবেশন-১: মুসলিম।
 অধিবেশন-২: হিন্দু এবং অন্যান্য।
- ১৩। বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০।
- ১৪। আদর্শগ্রাম/আশ্রয়ন প্রকল্প/গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়ন ও দারিদ্র বিমোচন প্রকল্প।
- ১৫। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।
- ১৬। ওয়াক্ফ এবং দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।
- ১৭। সরকারি দাবি আদায়- ১৯১৩।
- ১৮। এসি (ল্যান্ড) এবং ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের গুরুত্বপূর্ণ দিকসমূহ ও পরিদর্শন কলাকৌশল।
- ১৯-২০। বিষয় ভিত্তিক দলীয় আলোচনা ও উপস্থাপন।
- ২১। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ২২। ভূমি বিষয়ক আর্থিক ব্যবস্থাপনা, রাজস্ব অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি।
- ২৩। তথ্য অধিকার আইন, ২০০৯।

- ২৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ২৫। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।
- ২৬। আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং পিপিআর।
- ২৭। উদ্ভাবনী চিন্তা চেতনা এবং ভূমি ব্যবস্থাপনা সেবা সহজীকরণ।
- ২৮। প্রজেক্ট ম্যানেজমেন্ট।
- ২৯। সরকারি ক্রয় আইন ও বিধিমালা।
- ৩০। ল্যান্ড ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম।
- ৩১। পরিবেশ আইন।

প্রশিক্ষণ কোর্স নং- ৩

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/এল,এ/শিক্ষা ও উন্নয়ন) জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স - ১” (মেয়াদ- ১ সপ্তাহ = বাস্তবায়ন ৩০টি অধিবেশন)।

মডিউল-১: ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনা প্রচলিত ভূমি আইন বিধি ও নীতিমালা।

ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।

ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন, জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার।

রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০

◆ অধিবেশন-১: ধারা ১-৭৮

◆ অধিবেশন-২: ধারা ৭৯-১৫০

প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।

ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০।

১। ভূমি ব্যবস্থার বিবর্তন, ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি এবং ভূমি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কাজ।

২। ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন এবং অটোমেশন।

৩। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ :

◆ অধিবেশন- ১ : ধারা : ০১ - ৭৮।

৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ :

◆ অধিবেশন- ২ : ধারা : ৭৯ - ১৫২।

- ৫। প্রজাস্বত্ত্ব বিধিমালা - ১৯৫৫।
- ৬। জাতীয়, বিভাগ, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে গঠিত ভূমি বিষয়ক কমিটি এবং কমিটির কার্যক্রম।
- ৭। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।
- ৮। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০ এবং এর ব্যবহার।

মডিউল-২: খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা

খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা :

- ◆ অধিবেশন-১ : কৃষি।
- ◆ অধিবেশন-২ : অকৃষি।

সায়রাত মহাল ব্যবস্থাপনা

প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ এবং খেলার মাঠ, উদ্যান, উন্মুক্ত স্থান সংরক্ষণ।

খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।

- ১। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা

- ◆ অধিবেশন- ১ : কৃষি

- ২। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা

- ◆ অধিবেশন- ২ : অকৃষি

- ৩। সায়রাত মহাল ব্যবস্থাপনা- The Sairat Mahals (Management) Ordinance, 1959; The Hats and Bazars (Establishment and Acquisition) Ordinance, 1959; The Bangladesh Government Hats and Bazars (Management) (Repeal) Ordinance, ১৯৭৫ এবং হাটবাজার।

- ৪। জল, বালু, ফেরীঘাট, লবন, চিংড়ি, চা বাগান, পাথর মহাল, বনভূমি, রাবার বাগান, ফল বাগান, বাঁশ মহাল ইত্যাদি ব্যবস্থাপনা।

- ৫। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; The Culturable Waste Land (Utilization) Ordinance, 1959.

মডিউল-৩: বিশেষ আইনের আওতায় হস্তান্তরকৃত সম্পত্তি ব্যবস্থাপনা

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।

ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ ও অর্পিত সম্পত্তির ক ও খ তালিকা নিষ্পত্তি।
- ২। পরিত্যক্ত, বিনিময়, ট্রাস্ট সম্পত্তি এবং কোর্ট অব ওয়ার্ডস সম্পত্তি আইন ও ব্যবস্থাপনা।
- ৩। ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।

মডিউল-৪: উত্তরাধিকার আইন ও নামজারী উত্তরাধিকার আইন।

- ◆ অধিবেশন-১ : মুসলিম আইন।

- ◆ অধিবেশন-২ : হিন্দু এবং অন্যান্য ধর্মাবলম্বীর আইন।

নামজারী, জমাখারিজ ও জমা একত্রীকরণ।

- ১। ভূমি উন্নয়ন কর অধিবেশন- ১ : ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ, বিধি ও সার্কুলারসমূহ।

- ২। ভূমি উন্নয়ন কর অধিবেশন- ২ : ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় কার্যক্রম।

- ৩। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া।

- ৪। সরকারি পাওনা আদায় আইনের প্রয়োগ (ব্যবহারিক-কেস নথী পর্যালোচনা, আদেশনামা তৈরি, ফরমস এর ব্যবহার)।

মডিউল-৫: ভূমি অধিগ্রহণ

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭

অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং অধিগ্রহণকৃত ভূমির ব্যবস্থাপনা।

- ◆ অধিবেশন-১ : হাটবাজার ও জলমহাল সংক্রান্ত আইন ও নীতিমালা।

- ◆ অধিবেশন-২ : বালু মহাল, পাথর মহাল, ঘাট/ফেরীঘাট, চিংড়ি ও লবন মহাল, চা বাগান ব্যবস্থাপনা।

- ১। উত্তরাধিকার আইন।

- ◆ অধিবেশন- ১ : মুসলিম উত্তরাধিকার আইন ও এপস এর ব্যবহার।

- ◆ অধিবেশন- ২ : হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য উত্তরাধিকার আইন।

- ২। মিউটেশন বা নামজারী - জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান সৃজন) এবং সংশ্লিষ্ট রেজিস্টার হালকরণ।

- ৩। মিউটেশন ব্যবহারিক - মামলা সৃজন, আদেশনামা তৈরি, আপিল, রিভিউ এবং রিভিশন।
- ৪। উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন।
- ৫। ভূমি ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টার, রিটার্ন ও ফরমস।
- ৬। বিভিন্ন রেজিস্টার হালকরণ ও রিটার্ন প্রস্তুত (ব্যবহারিক - সংযুক্তি : সহকারী কমিশনার (ভূমি))

মডিউল-৬: বিবিধ

রিয়াল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০।

দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শগ্রাম, আশ্রয়ণ প্রকল্প, গুচ্ছগ্রাম প্রকল্প, ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট।

দেওয়ানী মামলা পরিচালনা ও দফাওয়ারী প্রতিবেদন প্রস্তুত প্রণালী।

ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমৌজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।

- ১। সম্পত্তি হস্তান্তর আইন- ১৮৮২, এবং বাটোয়ারা আইন, ১৮৯৩।
- ২। রেজিস্ট্রেশন আইন, ১৯০৮, বিভিন্ন প্রকার দলিল ও চুক্তি পত্র এবং এগুলির রেজিস্ট্রেশন পদ্ধতি।
- ৩। ভূমি প্রশাসন ম্যানুয়াল।
- ৪। তামাদি আইন ও সুনির্দিষ্ট প্রতিকার আইন।
- ৫। The Government and Local Authorities Lands and Buildings (Recovery of Possession) Ordinance, ১৯৭০ এবং অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি।
- ৬। সিকস্টি ও পয়োস্টি সংক্রান্ত আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।

মডিউল-৭: ভূমি ব্যতীত অন্যান্য রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়

সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্ল্যান (পিপি)।

তথ্য অধিকার আইন, ২০০৯।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।

অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।

আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং সরকারি ক্রয় আইন ও বিধিমালা।

উদ্ভাবনী চিন্তা চেতনা এবং ভূমি ব্যবস্থাপনার সেবা সহজীকরণ।

প্রজেক্ট ম্যানেজমেন্ট।

১। (ক) স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (সংশোধনীসহ)।

খ) স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭

২। অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়, ক্ষতিগ্রস্থদের পূর্ণবাসন এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।

মডিউল-৮: দেওয়ানী আইন, ভূমি কেন্দ্রিক দেওয়ানী মামলা এবং রাজস্ব মামলা।

১-২। দেওয়ানী কার্যবিধি, ১৯০৮।

৩। ভূমি কেন্দ্রিক দেওয়ানী মামলা, বিভিন্ন প্রকার রাজস্ব ও বিবিধ মামলা।

৪। দেওয়ানী মামলার আর্জি ও দফাওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ।

৫। রিট, স্থায়ী ও অস্থায়ী নিষেধাজ্ঞা এবং আদালত অবমাননার মামলা ইত্যাদি।

৬। লিগ্যাল রিমেমবারেন্স এ্যাক্ট, সরকারি উকিল নিয়োগ, সরকারি মামলা পরিচালনা।

৭। রাজস্ব আদালতের মামলায় ভুলক্রটি এবং ভূমি আপীল বোর্ড এর এখতিয়ার।

৮। ভূমি কেন্দ্রিক জালিয়াতি এবং এর প্রতিকার ও প্রতিরোধের উপায়।

মডিউল-৯: ভূমি জরিপ ও রেকর্ড।

১। ক্যাডাস্ট্রাল জরিপ ও দিয়ারা জরিপ এবং কর্মকর্তা-কর্মচারীদের ভূমিকা।

২। আন্তঃজেলা, আন্তঃথানা, আন্তঃইউপি, আন্তঃমৌজা ও আন্তর্জাতিক সীমানা নির্ধারণ ও সহকারী কমিশনার (ভূমি) এর দায়িত্ব।

৩। রেকর্ড ম্যানুয়াল, ১৯৪৩ এবং রেকর্ড রুম ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণ।

মডিউল- ১০: ভূমি সংস্কার কার্যক্রম ।

- ১। ভূমি সংস্কার অধ্যাদেশ- ১৯৮৪ এবং ঋণ শালিসি আইন, ১৯৮৯ এবং ল্যান্ড জোনিং প্রকল্পের কার্যক্রম ।
- ২। দারিদ্র্য বিমোচন কার্যক্রম: গুচ্ছগ্রাম, আদর্শ গ্রাম, আশ্রয়ণ প্রকল্প, ক্লাইমোট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট ।

মডিউল- ১১: পার্বত্য ভূমি ব্যবস্থাপনা ।

- ১। পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন, ১৯০০ এবং এ আইনে ভূমি সংক্রান্ত বিধান; পার্বত্য ভূমি ব্যবস্থাপনায় সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারির ভূমিকা এবং খাজনা ও জুমকর নির্ধারণ ও আদায় ।
